78

দৈনিক সংবাদ

তারিখ 18 MAY 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

## বৃত্তি প্রসঙ্গে

SSC পাসের পর সরকার মেধাবী ছাত্রছাত্রীদের (বৃত্তি) দিয়ে থাকে। এই বৃত্তির জন্য বিভিন্ন জেলার বিভিন্ন গ্রুপের ছেলেমেয়েদের জন্য পৃথক পৃথক মার্কস নির্ধারণ করা হয়ে থাকে। এবারে লালমনিরহাট জেলার মানবিক বিভাগের ছেলে-মেয়েদের মার্কস নির্ধারণ করা হয়েছে. ছেলে ৭৪০ এবং মেয়ে ৭৭৮। বর্তমান সরকার নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করেছেন। যেমন পৌর এলাকার বাইরে মেয়েদের অবৈতনিক শিক্ষা, উপবৃত্তি প্রদান, বইকেনা ও ফরম পূরণের জন্য এককালীন টাকা প্রদান ইত্যাদি। উপরোক্ত পদক্ষেপগুলো নারী শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে কতখানি সহায়ক তা বলার প্রয়োজন করে না? সেক্ষেত্রে অবহেলিত লালমনিরহাট জেলার মেয়েরা স্টার মার্কস পেয়েও বৃত্তি থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি পুনঃবিবেচনার জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। যাতে স্টার মার্কস পাওয়া মেয়েরা বৃত্তি থেকে বঞ্চিত না হয়।

মোঃ শরিফুল আলম (শরিফ)
লাইজু ভিলা,
আলমনগর (খামার)
কলেজ রোড, রংপুর